# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৬৯

১/ বিবিধ

আরবী

قليل العمل ينفع مع العلم، وكثير العمل لا ينفع مع الجهل

موضوع

أخرجه ابن عبد البر في " جامع بيان العلم وفضله " (1 / 45) من طريق محمد بن روح بن عمران القتيرى في الأصل: القشيري وهو تصحيف عن مؤمل بن عبد الرحمن الثقفي عن عباد بن عبد الصمد عن أنس بن مالك قال

" جاء رجل إلى رسول الله صلى الله عليه وسلم فقال: يا رسول الله أي الأعمال أفضل؟ قال: العلم بالله عز وجل، قال: يا رسول الله أي الأعمال أفضل؟ قال العلم بالله، قال: يا رسول الله أسألك عن العمل وتخبرني عن العلم؟ فقال رسول الله صلى الله عليه وسلم ... فذكره

وهذا إسناد موضوع محمد بن روح القتيرى ضعيف، ومؤمل بن عبد الرحمن الثقفي قال فيه أبو حاتم: لين الحديث، ضعيف الحديث، وقال ابن عدي: عامة حديثه غير محفوظ، ثم ساق له أحاديث واهية، وعباد بن عبد الصمد قال في الميزان

وهاه ابن حبان وقال: حدثنا ابن قتيبة حدثنا غالب بن وزير الغزي ثنا مؤمل بن عبد الرحمن الثقفي حدثنا عباد بن عبد الصمد عن أنس بنسخة كلها موضوعة

والحديث أورده السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (ص 41) من رواية الديلمي بسنده عن محمد بن روح به، ثم أعله بقول ابن حبان الذي ذكرته آنفا، وبقوله: وقال البخاري: عباد بن عبد الصمد منكر الحديث، وقال في " المغني " مؤمل بن عبد

الرحمن، ضعفه أبو حاتم
قلت: ومع ذلك فقد أورده السيوطي في " الجامع الصغير " أيضا، فكيف يتفق هذا مع حكمه هو نفسه عليه بالوضع؟ ! ولا ينافيه قول العراقي في " تخريج الإحياء " (1 / 7) إن سنده ضعيف، لما سبق بيانه مرارا من أن الحديث الموضوع من أقسام الحديث الضعيف

বাংলা

৩৬৯। জ্ঞানের সাথে অল্প আমল উপকারী, অজ্ঞতার সাথে বেশী ‘‘আমল উপকারী নয়।

হাদীসটি জাল।

এটি ইবনু আদিল বার ‘‘জামেউ বায়ানিল ইলমে ওয়া ফাযলিহি’’ গ্রন্থে (১/৪৫) মুহাম্মাদ ইবনু রাওহ ইবনে ইমরান কুশায়রী সূত্রে মুয়াম্মিল ইবনু আদির রহমান সাকাফী হতে, তিনি আব্বাদ ইবনু আদিস সামাদ হতে ... বর্ণনা করেছেন। এ সনদটি বানোয়াট; মুহাম্মাদ ইবনু রাওহ দুর্বল।

মুয়াম্মিল ইবনু আবদির রহমান সম্পর্কে আবু হাতিম বলেনঃ লাইয়েনুল হাদীস, য’ঈফুল হাদীস (হাদীসের ক্ষেত্রে দুর্বল)। ইবনু আদী বলেনঃ তার অধিকাংশ হাদীস নিরাপদ নয়। যাহাবী আব্বাদ ইবনু আবদিস সামাদ সম্পর্কে ‘‘আল-মীযান’’ গ্রন্থে বলেনঃ তাকে ইবনু হিব্বান দুর্বল আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেনঃ তিনি আনাস (রাঃ) হতে একটি কপি বর্ণনা করেছেন যার সবই জাল (বানোয়াট)।

সুয়ূতী হাদীসটি ‘‘যায়লুল আহাদীসিল মাওযুআহ’’ গ্রন্থে (পৃ. ৪১) দাইলামীর বর্ণনা থেকে মুহাম্মাদ ইবনু রাওহ হতে উল্লেখ করেছেন। অতঃপর ইবনু হিব্বানের বক্তব্য উল্লেখ করে হাদীসটির সমস্যার কথাও বলেছেন। যা সবে মাত্র উল্লেখ করলাম। তিনি আরো বলেছেনঃ বুখারী বলেনঃ আব্বাদ ইবনু আবদিস সামাদ মুনকারুল হাদীস। ‘‘আল-মুগনী’’ গ্রন্থে বলা হয়েছেঃ মুয়াম্মিলকে আবু হাতিম দুর্বল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ তা সত্ত্বেও সুয়ূতী হাদীসটিকে "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। তিনি নিজেও জাল হিসাবে হুকুম লাগানোর পর কীভাবে তিনি তা করলেন!

হাফিয ইরাকী ‘‘তাখরাজুল ইহইয়া’’ গ্রন্থে (১/৭) বলেছেনঃ এটির সনদ দুর্বল। তার এ কথা প্রমাণ করে না যে, এটি জাল নয়। কারণ জাল হাদীসও য’ঈফ হাদীসেরই একটি প্রকার। অতএব কোন দ্বন্দ্ব নেই।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67954

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন